

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৮২

আগরতলা, ২৫ মার্চ, ২০২৪

রাজ্যভিত্তিক হোলি উৎসব

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রাজ্যভিত্তিক হোলি উৎসব আজ আগরতলা টাউনহলে উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, বিশিষ্ট সংগীতশিল্পী ঝাণা দেববর্মণ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য ও যুগ্ম অধিকর্তা অনুপম চক্রবর্তী। অনুষ্ঠানে বিশিষ্ট সংগীতশিল্পী ঝাণা দেববর্মণ রাজঅন্দের থেকে সারা রাজ্যে দোল উৎসব পালন ছড়িয়ে পড়ার ঐতিহাসিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন। আলোচনায় পর্যটন দপ্তরের অধিকর্তা বলেন, দোল হলো আনন্দের উৎসব। গান, নাচ ও রঙের সংমিশ্রণে দোল উৎসব সকলের মনে আনন্দের বার্তা ছড়িয়ে দেয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য দোল উৎসব উদযাপনের পৌরাণিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, এই ধরনের উৎসব মানুষের মধ্যে ঐক্য, সংহতি ও সৌভ্রাতৃত্ববোধকে জাগ্রত করবে। পরে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা দোল সম্পর্কিত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

\*\*\*\*\*